সংবাদ।

১৩২

তারিখ ..22/2/৬৯
পৃষ্ঠা... ৩ ...কলাম ..৩ ...

# রাঙ্গামাটি কলেজে ছাত্র ধর্মঘট

রাঙ্গামাটি, ২০শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতার তার)।—৬ দফা দাবী আদায়ের জন্য রাঙ্গামাটি সরকারী কলেজের ছাত্ররা গত চারদিন ধরে ধর্মঘট করছে। দাবী আদায়ের জন্য ছাত্ররা একটি সংগ্রাম কমিটি গঠন করে এবং গত আঠারোই জানুয়ারী প্রধানমন্ত্রীর রাঙ্গামাটি সফরকালে তারা তার সাথে আলাপ আলোচনা করে। এ সম্পর্কে সংসদ সদস্য শ্রী উপেন্দ্রলাল চাকমা এবং চাকমা রাজা দেবাশীষ রায়ও প্রধানমন্ত্রীর সাথে আলাপ করেন। প্রধানমন্ত্রী ছাত্রদের দাবী পূরণের মৌখিক আশ্বাস দেন। কিন্তু লিখিত কোন প্রতিশ্রুতি না দেয়া পর্যন্ত ছাত্ররা তাদের ধর্মঘট চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়।

ছাত্রদের ৬ দফা দাবীর মধ্যে উক্ত কলেজের অধ্যক্ষের অপসারণ অন্যতম।